

পাবনায় ছাত্র সংঘর্ষ : আহত ১২

নিজস্ব প্রতিনিধি : পাবনা, ৯ নবেম্বর।-
আজ প্রায় সারাদিন পাবনায় ছাত্রলীগ (আ-অ)
ও ছাত্র দলের মধ্যে কয়েক দফা সংঘর্ষে
১২ জন আহত, কয়েকটি দোকান ও
একটি ব্যাংকের ক্ষতিসাধন এবং একটি
রাইস মিলে অগ্নিসংযোগ করা হয়।
আহতদের মধ্যে ছাত্র দলের আলমগীরের
(২৬) অবস্থা আশংকাজনক বলে পাবনা
(শেষ পৃঃ ২-এর কঃ চঃ)

পাবনায় ছাত্র (প্রথম পৃঃ পর)

সদর হাসপাতাল সূত্র জানিয়েছে।

ছাত্রদল নেতা কদরের মুক্তি দাবীতে
জাতীয়তাবাদী ছাত্রদল আজ সকালে শহরে
একটি মিছিল বের করে। মিছিল শেষে
জেলা প্রশাসকের অফিস চত্বরে তারা এক
প্রতিবাদ সভা করে। এ সময় ছাত্রলীগ
(আ-অ) কর্মীরা ছাত্রদলের সভায় অত-
র্কিত হামলা করলে এই সংঘর্ষের সূত্রপাত
হয়। ছাত্রলীগ (আ-অ) কর্মীদের পোহার
রডের আঘাতে ছাত্রদল কর্মী আলমগীর
গুরুতর আহত হয়। তাকে সদর হাসপা-
তালে ভর্তি করা হয়েছে। উল্লেখ্য, ছাত্রলীগ
(আ-অ) নেতা পরাগ হত্যার অভিযোগে
কদরকে গ্রেফতার করা হয়েছে।

এ ঘটনার পর থেকে ছাত্রলীগ (আ-অ)
ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষ মিছিল পান্টা
মিছিল, ধাওয়া পান্টা ধাওয়া শুরু হয়।

সংঘর্ষের এক পর্যায়ে ছাত্রদল কর্মীরা
শহরের প্রধান সড়কের ৮/১০টি দোকান
এবং রূপালী ব্যাংক গোপালপুর শাখায়
হামলা করে। এতে বেশ ক্ষতি হয়। হাম-
লার প্রতিবাদে ব্যবসায়ীরা শহরে দুপুর থেকে
শ্রতালের ডাক দেয়। এতে শহরে সব দোকান-
পাট ও যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়।

ওদিকে ছাত্রলীগের (আ-অ) কর্মীরা
পাবনা বিসিক নগরীতে বিএনপি সমর্থক
মোজাম্মেলের অটোমেটিক রাইস মিলে
হামলা করে, মিলের টেলিফোন সংযোগ
বিচ্ছিন্ন করে এবং মিলটিতে আগুন ধরিয়ে
দেয়। এতে মিলের বেশ ক্ষতি হয়। বিসিক
নগরীর শ্রমিকদের প্রচেষ্টায় আগুন আয়ত্তে
আনিয়েছে।

রাত দশটায় এ রিপোর্ট লেখা পর্যন্ত
ছাত্রলীগ (আ-অ) ও ছাত্রদলের মধ্যে
শহরের বিভিন্ন স্থানে সংঘর্ষ, মিছিল-
পান্টা মিছিল, ধাওয়া-পান্টা ধাওয়া ও
পটকা বিস্ফোরণ অব্যাহত রয়েছে।